গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
১৩/১, শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং- ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-৯২৩

তারিখ: ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৭.০৮.২০২৫ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১১.১১.০২৯.২৪-২৩৯ নম্বর স্মারকের প্রেক্ষিতে এ কার্যালয় ও এর আওতাধীন আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI) এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)<br>বেতনস্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | ০৭ | অনূর্ধ্ব ৩২ বছর। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২। | হাউজ কিপার (গ্রেড-১৪)<br>বেতনস্কেলঃ ১০,২০০-২৪,৬৮০ | ০৫ | | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | এভি অপারেটর (গ্রেড-১৫)<br>বেতনস্কেলঃ ৯,৭০০-২৩,৪৯০ | ০২ | | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অডিও ভিজ্যুয়াল ইকুইপমেন্ট পরিচালনায় অন্যূন ০৩ (তিন) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা; এবং<br>(ঘ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)<br>বেতনস্কেলঃ ৯,৩০০-২২,৪৯০ | ০৫ | | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)<br>বেতনস্কেলঃ ৮,২৫০-২০,০১০/- | ৪০ | | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) শারীরিকভাবে কর্মক্ষম হতে হবে; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | ওয়ার্ড বয় (গ্রেড-২০)<br>বেতনস্কেলঃ ৮,২৫০-২০,০১০/- | ১৮ | | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | অফিস সহায়ক (গ্রেড-২০)<br>বেতনস্কেলঃ ৮,২৫০-২০,০১০/- | ০৮ | | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | বাবুর্চি/সহকারী বাবুর্চি (গ্রেড-২০)<br>বেতনস্কেলঃ ৮,২৫০-২০,০১০/- | ১৩ | | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেনী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | পরিচ্ছন্নতাকর্মী (গ্রেড-২০)<br>বেতনস্কেলঃ ৮,২৫০-২০,০১০/- | ০৩ | | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেনী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) শারীরিকভাবে কর্মক্ষম হতে হবে; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী:**

১। **বয়সসীমাঃ**
০১ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(ক) গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
(খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ০৬ (ছয়) মাসের অধিক পুরাতন ছবি চলবে না;
(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি;
(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;
(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত অনুলিপি;
(চ) Online-এ পুরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);
(ছ) প্রবেশ পত্রে রঙিন ছবিযুক্ত অনুলিপি প্রবেশপত্রের রঙিন কপি ব্যতীত কোনো প্রকার ফটোকপি/ সাদাকালো কপি গ্রহণযোগ্য নয়। (প্রবেশ পত্রের রঙিন কপি ছাড়া লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না);
(জ) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪। সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

৫। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এবং প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এবং সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে।

৬। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধির কর্তৃত্ব সংরক্ষণ করেন।

৯। জাতীয় দৈনিক পত্রিকা ছাড়াও নিপোর্ট এর ওয়েবসাইটে (www.niport.gov.bd) অথবা QR Code ( ) স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১০। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ পরীক্ষার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১২। যথাযথ কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোনো আবেদনপত্র বাতিল করার ক্ষমতা রাখেন।

১৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

(ক) ইচ্ছুক প্রার্থীগণ https://niport.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩০ নভেম্বর ২০২৫ খ্রি. বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×৩০০) pixel (File Size 100KB এর বেশি গ্রহনযোগ্য নয়) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৮০) pixel (File Size 60KB এর বেশি গ্রহনযোগ্য নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্রের Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ বিজ্ঞপ্তির ক্রমিক ০১ থেকে ০৪ পদের জন্য ১০০/- টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ০৫ থেকে ০৯ পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা User ID প্রাপ্তির অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা User ID প্রাপ্তির অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: NIPORT<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: NIPORT ABCDEF

Reply: Applicant's Name, Tk 112/56 will be charged as application fee. Your PIN is 12345678 To pay fee Type NIPORT<Space>Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: NIPORT<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NIPORT YES 12345678

Reply: congratulations Applicant's Name, payment completed successfully for NIPORT Application for <post name>User ID is (ABCDEF) and password(xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://niport.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন এবং পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। প্রবেশপত্রের রঙিন কপি ব্যতীত কোনো প্রকার ফটোকপি/ সাদাকালো কপি গ্রহণযোগ্য নয়।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে NIPORT<space>Help<space>User<space>User ID & send to 16222.

Example: NIPORT HELP USER ABCDEF Send to 16222.

ii. PIN Number জানা থাকলে NIPORT<space>Help<space>PIN<space>PIN No & send to 16222.

Example: NIPORT HELP PIN 12345678 Send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক থেকে ১২১ নম্বর এ অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০-১২১১২১ নাম্বার এ কল করা যেতে পারে। এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

১৪। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বন্টনঃ (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী)

তপশিল-২

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

তপশিল-৩

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে শব্দ) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে শব্দ) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | সাঁটলিপি | ৭০ | ৪৫ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ | ২৫ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যাঃ

১। সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকবে।

২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।

৩। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।

৪। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% হিসেবে গণ্য করা হবে।

তপশিল-৪

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে শব্দ) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | ১০ মিনিট | ২০ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২০ | ৫০ | ৪০% | |

ব্যাখ্যাঃ

১। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।

২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।

৩। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% হিসেবে গণ্য করা হবে।

তপশিল-৫

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ ঘন্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হলো।

(মোঃ ফরিদুল হক)
উপপরিচালক (প্রশাসন-রুটিন দায়িত্ব) ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি, নিপোর্ট
ই-মেইল: ddadmin@niport.gov.bd